# সংবাদ

তাং 11 APR 2003
পৃষ্ঠা ৮ ৬

করছেন।

এসএসসি পরীক্ষা ঃ বাজিতপুর

## দু'টি উত্তরপত্র খোয়া গেছে থানায় মামলা

### গ্রেফতার ১

বাজিতপুর (কিশোরগঞ্জ) থেকে নিজস্ব সংবাদদাতা ঃ ৫ই এপ্রিল বাজিতপুর এসএসসি পরীক্ষা কেন্দ্রে অংক পরীক্ষার ২টি উত্তরপত্র খোয়া যায়। কেন্দ্র কর্তৃপক্ষ থানায় মামলা করলে পুলিশ রোববার রোমান নামে এক পরীক্ষার্থীকে গ্রেফতার এবং তার স্বীকারোক্তি অনুযায়ী তার বাড়ি থেকে ১টি উত্তরপত্র উদ্ধার করে। এ রিপোর্ট লেখা পর্যন্ত অন্য উত্তরপত্রটি এখন পর্যন্ত উদ্ধার হয়নি। জানা যায়, শনিবার অংক পরীক্ষার দিনে উত্তরপত্র খোয়া যাওয়া ২টি কক্ষের কক্ষ পরিদর্শকরা পরীক্ষাশেষে খাতা গুনে ২টি কক্ষেই ১টি করে উত্তরপত্র কম দেখতে পান। অনেক অনুসন্ধানের পর কেন্দ্র কর্তৃপক্ষ রোমান এবং মুশফিকুর নামে ২ জনের উত্তরপত্র খোয়া গেছে বলে নিশ্চিত হন এবং ২ জনের নামে থানায় মামলা দায়ের করেন। ইতোমধ্যে ৪ জন শিক্ষককে দায়িত্ব পালনে অবহেলার দায়ে পরিদর্শকের দায়িত্ব থেকে অব্যাহতি দেয়া হয়েছে।